

নোটিশ-২০২৩

তারিখ: ১৮/০১/২০২৩খ্রিঃ

আহমেদ বাওয়ানী একাডেমী স্কুল এন্ড কলেজ-এর শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে প্রত্যেক উপজেলা বা থানা এলাকায় ৬ষ্ঠ শ্রেণি হতে ১০ম শ্রেণির ৫জন ও একাদশ/দ্বাদশ শ্রেণির ২জন অতি-দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীকে ভর্তি সহায়তা প্রদান করা হবে।

এ মর্মে, গত ২০২২ সালের বার্ষিক পরীক্ষায় নূন্যতম ৬০% নম্বর প্রাপ্ত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগামী ৩১/০১/২০২৩ তারিখ এর মধ্যে বার্ষিক পরীক্ষার নম্বরপত্র সহ সাদা কাগজে দরখাস্ত লিখে নিজ নিজ শ্রেণি শিক্ষকের নিকট জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হল।

আবেদনকারীকে দরখাস্তের সাথে অবশ্যই শিক্ষার্থীর ছবি, অনলাইন জন্ম নিবন্ধন সনদ, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র এবং পিতা-মাতা ৩য়/৪র্থ শ্রেণির কর্মচারী হলে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন/সুপারিশ পত্র ইত্যাদি কাগজ (ফটোকপি) সংযুক্ত করতে হবে।



(মোঃ মোশারফ হোসেন মুন্সী)

অধ্যক্ষ

আহমেদ বাওয়ানী একাডেমী স্কুল এন্ড কলেজ

আরমানীটোলা, ঢাকা-১১০০।

মোঃ মোশারফ হোসেন মুন্সী

অধ্যক্ষ

আহমেদ বাওয়ানী একাডেমী স্কুল এন্ড কলেজ